রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার লেটার নং-০২/২০২২ তারিখ: ২৮.০২.২০২২

১. সকল জোনাল ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

২. উপ-মহাব্যবস্থাপক
রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী

৩. সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: ব্যাংক ঋণ মঞ্জুরি/নবায়নের ক্ষেত্রে Guidelines on Internal Credit Risk Rating System যথাযথভাবে পরিপালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ৩১.১২.২০১৯ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-০৯ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

উল্লিখিত সার্কুলারের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত এতদসংক্রান্ত গাইডলাইনস্ অনুসরণে ব্যাংক ঋণ মঞ্জুরি/নবায়নের ক্ষেত্রে Internal Credit Risk Rating System (ICRRS) যথাযথভাবে পরিপালনের মাধ্যমে Credit Risk Rating সম্পন্নকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

পরবর্তীতে অর্থনীতিতে কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব বিবেচনায় ঋণ/বিনিয়োগগ্রহীতাদের উপর এর প্রভাব সহনীয় মাত্রায় রাখার লক্ষ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক ২৩.০২.২০২১ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪ এর নির্দেশনার প্রেক্ষিতে ব্যাংক ঋণ মঞ্জুরি/নবায়নের ক্ষেত্রে ইতোপূর্বে প্রণীত "Guidelines on Internal Credit Risk Rating System" এর 1.8 এবং 1.10(d) নং অনুচ্ছেদ প্রতিস্থাপনপূর্বক ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ০১.০৩.২০২১ তারিখে ঋওঅবি-১ সার্কুলার লেটার নং-০২ মাঠ পর্যায়ে জারী করা হয়।

বিশ্বব্যাপী কোভিড-১৯ পরিস্থিতির নেতিবাচক প্রভাব দেশের অর্থনীতির বিভিন্ন খাতে এখনও বিরাজমান রয়েছে। বিগত ২০২০ এবং ২০২১ সালের ব্যবসায়িক কার্যক্রম পূর্বের ন্যায় স্থিতিশীল না থাকায় শিল্প/ব্যবসা/সার্ভিস সেক্টরের কিছু কিছু প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীর চিত্র অপেক্ষাকৃত খারাপ/দুর্বল হওয়ায় নতুনভাবে ঋণ গ্রহণে অথবা ঋণ নবায়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহ সমস্যার সম্মুখীন হচ্ছে। দেশব্যাপী ব্যবসায়িক কার্যক্রম ত্বরান্বিত ও আরো গতিশীল করার লক্ষ্যে ব্যাংক ঋণগ্রহীতাদের বিদ্যমান আর্থিক অবস্থা বিবেচনায় নিয়ে ব্যাংক হতে প্রয়োজনীয় ঋণ সুবিধা গ্রহণ এবং/অথবা বিদ্যমান ঋণ নবায়ন অব্যাহত রাখার লক্ষ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪/২০২১ এর নির্দেশনা পরিমার্জনপূর্বক ২৩.০২.২০২২ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭ জারী করা হয়। উল্লিখিত সার্কুলার লেটারের মাধ্যমে ইতোপূর্বে প্রণীত "Guidelines on Internal Credit Risk Rating System" এর 1.8 এবং 1.10(d) নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছে যা আগামী ৩১.১২.২০২৩ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে:

" **1.8 Internal Credit Risk Rating Scores:**

The ICRR consists of 4-notched rating system covering the Quantitative and Qualitative parameters. The ratings and scores are mentioned below:

Rating	Scores Aggregate
Excellent	≥75%
Good	≥65% to <75%
Marginal	≥50% to <65%
Unacceptable	<50%

(চলমান পাতা-২)

ঋণঅবি-১ সার্কুলার লেটার নং-০২/২০২২ তারিখ: ২৮.০২.২০২২

1.10 Management Action Triggers:

d) In deriving ICRR, whaterver score a borrower gets in the qualitative part, if the score in the quantitative part is less than 40%, the borrower's ICRR shall be "Unacceptable"."

ব্যাংক ঋণ মঞ্জুরি/নবায়নের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনের স্বার্থে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত সার্কুলার লেটারটি এতদসংগে সংযুক্ত করা হলো (সংযোজনী-'ক')।

এ সার্কুলার লেটারের নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর হবে এবং ডিসেম্বর'২০২৩ পর্যন্ত এ নির্দেশনা বলবৎ থাকবে। এতদপ্রেক্ষিতে ০১.০১.২০২৪ তারিখ হতে ঋণঅবি-১ সার্কুলার লেটার নং-০২/২০২১ এর নির্দেশনা পুর্নবহাল হবে এবং এ সার্কুলার লেটারের নির্দেশনা বাতিল মর্মে গণ্য হবে। এতদ্ব্যতীত ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ৩১.১২.২০১৯ তারিখে জারীকৃত ঋণঅবি-১ সার্কুলার নং-০৯/২০১৯ এবং ২৭.০১.২০২১ তারিখে জারীকৃত ঋণঅবি-১ সার্কুলার লেটার নং-০১/২০২১ এর অন্যান্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে। এছাড়াও ঋণ ঝুঁকি নির্ধারণের ক্ষেত্রে এ ব্যাংক কর্তৃক জারীকৃত 'ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইন' এবং এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

এ বিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

28/02/2022
(শওকত শহীদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/ঋণঅবি-১/৪০(Credit Rating)/২০২১-২০২২/৯১৫(৪৫৪) তারিখ: ২৮.০২.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী।
০৮। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১০। অফিস নথি/মহানথি।

28.02.2022
(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
মুখ্য কর্মকর্তা

সংযোজনী - 'ক'

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭

২৩ ফেব্রুয়ারি ২০২২
তারিখ: -------------------
১০ ফাল্গুন ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

Guidelines on Internal Credit Risk Rating System প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪, তারিখ: ২৩/০২/২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিশ্বব্যাপী কোভিড-১৯ পরিস্থিতির নেতিবাচক প্রভাব দেশের অর্থনীতির বিভিন্ন খাতে এখনও বিরাজমান রয়েছে। এ পরিস্থিতি হতে উত্তরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়েছে। বিগত ২০২০ এবং ২০২১ সালের ব্যবসায়িক কার্যক্রম পূর্বের ন্যায় স্থিতিশীল না থাকায় শিল্প/ব্যবসা/সার্ভিস সেক্টরের কিছু কিছু প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীর চিত্র অপেক্ষাকৃত খারাপ/দুর্বল হওয়ায় নতুনভাবে ঋণ গ্রহনে অথবা পূর্বের ঋণ নবায়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহ সমস্যার সম্মুখীন হচ্ছে। এ প্রেক্ষিতে দেশব্যাপী ব্যবসায়িক কার্যক্রম ত্বরান্বিত ও আরো গতিশীল করার লক্ষ্যে ব্যাংক ঋণ গ্রহীতাদের বিদ্যমান আর্থিক অবস্থা বিবেচনায় নিয়ে ব্যাংক হতে প্রয়োজনীয় ঋণ সুবিধা গ্রহণ এবং/অথবা বিদ্যমান ঋণ নবায়ন অব্যাহত রাখার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার লেটার নং ১৪/২০২১ এর 1.8 অনুচ্ছেদ ও 1.10(d) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনার স্থলে নিম্নবর্ণিত নির্দেশনা আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে ঃ

1.8 Internal Credit Risk Rating Scores

The ICRR consists of 4-notched rating system covering the Quantitative and Qualitative parameters. The ratings and scores are mentioned below:

Rating	Scores Aggregate
Excellent	≥75%
Good	≥65% to <75%
Marginal	≥50% to <65%
Unacceptable	<50%

1.10 Management Action Triggers

d) In deriving ICRR, whatever score a borrower gets in the qualitative part, if the score in the quantitative part is less than 40%, the borrower's ICRR shall be "Unacceptable".

৩। ০১ জানুয়ারি ২০২৪ তারিখ হতে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪, তারিখ: ২৩/০২/২০২১ পুনর্বহাল হবে এবং অত্র সার্কুলার লেটার এর নির্দেশনা বাতিল বলে গণ্য হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)